



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলাপ্রশাসক(সার্বিক)
রাঙ্গামাটি পার্বত্য জেলা

নির্বাচন অগ্রাধিকার
অভীব জরুরি

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
৬ষ্ঠ উপজেলা পরিষদের ২য় পর্যায়ের সাধারণ নির্বাচন

স্মারক নম্বর- ০৫.৪২.৮৪০০.২০১.০১.০২৩.২৪-১৬

তারিখ : ০২ এপ্রিল ২০২৪

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয়ের ০২ এপ্রিল ২০২৪ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.২৪-১৪৭ নং প্রজ্ঞাপন মোতাবেক **কাপ্তাই** উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং মহিলা ভাইস-চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচী ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছে:-

রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২১ এপ্রিল ২০২৪ ০৮ বৈশাখ ১৪৩১	রবিবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২৩ এপ্রিল ২০২৪ ১০ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২৪-২৬ এপ্রিল ২০২৪ ১১-১৩ বৈশাখ ১৪৩১	বুধবার-শুক্রবার
আপিল নিষ্পত্তি	:	২৭-২৯ এপ্রিল ২০২৪ ১৪-১৬ বৈশাখ ১৪৩১	শনিবার-সোমবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	৩০ এপ্রিল ২০২৪ ১৭ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
প্রতীক বরাদ্দ	:	০২ মে ২০২৪ ১৯ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
ভোট গ্রহণের তারিখ	:	২১ মে ২০২৪ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১	মঙ্গলবার

ভোটগ্রহণ সময়সীমা : সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে

২। এক্ষণে, সেহেতু, আমি **মো: সাইফুল ইসলাম**, অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), রাঙ্গামাটি পার্বত্য জেলা ও রিটার্নিং অফিসার, **কাপ্তাই** উপজেলা পরিষদ উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, **কাপ্তাই** উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ২১ এপ্রিল ২০২৪/ ০৮ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যেকোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে (<https://onss.ecs.gov.bd>) প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

০২.০৪.২০২৪

মো: সাইফুল ইসলাম

অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)

রাঙ্গামাটি পার্বত্য জেলা

ও


রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদের ২য় পর্যায়ের সাধারণ নির্বাচন

তারিখ : ০২ দিন ০৪ মাস ২০২৪ বৎসর

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। রিজিয়ন কমান্ডার, রাজামাটি রিজিয়ন, রাজামাটি পার্বত্য জেলা।
- ৪। সেক্টর কমান্ডার, বিজিবি, রাজামাটি।
- ৫। জেলা প্রশাসক, রাজামাটি পার্বত্য জেলা।
- ৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৭। পুলিশ সুপার, রাজামাটি পার্বত্য জেলা।
- ৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাজামাটি পার্বত্য জেলা।
- ৯। উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজামাটি [সংশ্লিষ্ট উপজেলার সর্বত্র হাট বাজারে ও জনবহুল স্থানে উক্ত গণ-বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধসহ]।
- ১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজামাটি পার্বত্য জেলা।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, কাপ্তাই ও সহকারী রিটার্নিং অফিসার [সংশ্লিষ্ট উপজেলায় গণ-বিজ্ঞপ্তি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ১২। উপজেলা নির্বাচন অফিসার, কাপ্তাই, রাজামাটি পার্বত্য জেলা।
- ১৩। অফিসার ইনচার্জ, কাপ্তাই থানা, রাজামাটি পার্বত্য জেলা।
- ১৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কাপ্তাই, রাজামাটি [গণ-বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধসহ]
- ১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, রাজামাটি প্রেস ক্লাব/কাপ্তাই প্রেস ক্লাব।
- ১৬। নোটিশ বোর্ড।


অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
রাজামাটি পার্বত্য জেলা

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদের ২য় পর্যায়ের সাধারণ নির্বাচন